**B.R.A Bihar University**

**Muzaffarpur, Bihar**

**PG (Bangla) Syllabus CBCS**

**SEMESTER -1**

**CC1**

**History of Bengali Literature**

বাংলা সংস্কৃতি ও ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ বাংলা সাহিত্য। প্রায় দেড় হাজার বছরের বিবর্তনে বাংলা সাহিত্যের বিকাশ ধারা তথা বিভিন্ন রাজনৈতিক সামাজিক অর্থনৈতিক ঐতিহাসিক ঘটনা প্রবাহ বাংলা সাহিত্যকে কিভাবে প্রভাবিত করেছে তার পুঙ্খানুপুঙ্খ বিবরণ বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার মাধ্যমে জানতে পারি, শুধু তাই নয়, এই ইতিহাস জ্ঞান ও চিন্তার জগতকে বিস্তৃত করে এবং সৃজনশীলতার জন্ম দেয়।

**CC2**

**History of Bengali Language(Philosophy)**

প্রাচীনতম এবং ঐশ্বর্যমণ্ডিত সমৃদ্ধশালী বাংলা ভাষা বাঙালি জাতির আত্মপরিচয়। বহু বাধা বিঘ্ন পেরিয়ে বিকশিত এই ভাষার মাধ্যমে বাঙালি তার চিন্তা-ভাবনা, অনুভূতি সর্বোপরি অভিজ্ঞতাগুলিকে প্রকাশ করতে পারে। বাঙালির ঐতিহ্য, সংস্কৃতি, মূল্যবোধ বাংলা ভাষার মাধ্যমে এক প্রজন্ম থেকে আরেক প্রজন্ম বিকশিত হয়। তাই বাংলা ভাষার ইতিহাস পাঠের গুরুত্ব অপরিসীম।

**CC3**

**Prachin O Madhya Yuger Kabya:**

বাংলা সাহিত্যে প্রাচীনতম নিদর্শন বৌদ্ধ সিদ্ধাচার্যগণের লেখা পদ-সংকলন 'চর্যাগীতিকোষ'(সংক্ষেপে চর্যাপদ)। বাংলা সাহিত্যের আদি যুগের একমাত্র রচনা হওয়ায় এই গ্রন্থের গুরুত্ব অনস্বীকার্য। অন্যদিকে মধ্যযুগের মঙ্গলকাব্যের ধারা ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যে পৌঁছে বাংলা সাহিত্যের সমাপ্তি চিহ্নিত করেছে। মোঘল শাসনের অবসান আর ফরাসিগণের আধিপত্য বাংলার সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক পটপরিবর্তন বাংলা সাহিত্যকেও প্রভাবিত করেছে। সমাজসচেতন কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'এ তার ছাপ-ই স্পষ্ট। অষ্টাদশ শতাব্দীর সাহিত্য আলোচনায় শাক্ত পদাবলীতে সমাজ কেন্দ্রিক ভাবনার প্রতিফলন পরিলক্ষিত। বাংলার তান্ত্রিক ঐতিহ্যকে মূল কেন্দ্রে রেখে শাক্ত কবি রামপ্রসাদ সেন সমাজের দুঃখ-যন্ত্রণা, আশা-আকাঙ্ক্ষার সঙ্গে একাত্ম হয়ে যে শাক্ত পদগুলি রচনা করেছেন, তার গুরুত্ব অস্বীকার করার উপায় নেই।

**CC4**

**Unobinso Satabdir Kabya:**

ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন শুরু হওয়ায় হওয়ার পর অর্থাৎ অষ্টাদশ শতাব্দী দ্বিতীয়ার্ধে পাশ্চাত্য শিক্ষা, পাশ্চাত্য ভাবনায় প্রভাবিত বাঙালি জীবনের প্রতিফলন উনিশ শতকের বাংলা সাহিত্যে পড়েছে। এই পুনর্জাগরণের যুগে দেবতার চেয়ে মানষ-ই প্রধান হয়ে উঠেছে মানবতাবাদ, ব্যক্তিস্বাতন্ত্র্যবোধে বাংলা সাহিত্য উদ্‌বুদ্ধ হয়েছে।

**SEMESTER -2**

**CC5**

**Dramas Of 19th Century:**

উনিশ শতকে পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতির সংস্পর্শে বাংলা সাহিত্যের এই জাঁর নবজীবন লাভ করেছে। উনিশ শতকের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক প্রতিফলন যেভাবে নাটকগুলিতে প্রতিফলিত হয়েছে,মূলত নাট্যকারগণ হাস্যরস ও করুণরসের মেলবন্ধনে বাস্তব জীবনকে যেভাবে ফুটিয়ে তুলেছেন, তাতে উনিশ শতকের নাটকগুলি জীবনের কথকতা হয়ে উঠেছে। এদিক থেকে নাটকগুলি পাঠের গুরুত্ব অপরিসীম।

**CC6**

**Bankim Chandra Ebam Bankimottar Kaler Uponyas:**

উনিশ শতাব্দীর প্রথমার্ধে সংস্কার আন্দোলন, হিন্দু ধর্মের রক্ষণশীলতা ও পুনরুত্থান, প্রাচ্য ও পাশ্চাত্য ভাবধারার সংঘাত এই সকল আর্থ-সামাজিক পটভূমিকায় বঙ্কিমচন্দ্রের উপন্যাস রচিত হয়েছে। সংস্কারকে যুক্তি-বুদ্ধি দিয়ে, ভারতবর্ষের প্রাচীন ইতিহাসকে পুনরুদ্ধার করে স্বদেশ ভাবনায় জারিত করে মানবতা বোধে উদ্‌বুদ্ধ বঙ্কিমের উপন্যাসগুলির গুরুত্ব অনস্বীকার্য।

**CC7**

**Rabindra Sahitya: Prose,Poety,Novel,Dam**a

রবীন্দ্রনাথের সাহিত্য সম্ভারে সমৃদ্ধ বাংলা সাহিত্য সম্ভার। একাধারে রোমান্টিক, প্রকৃতিপ্রেমিক, আধ্যাত্মিক চেতনাবাদী, প্রাচ্য ও পাশ্চাত্য সংস্কৃতির মেলবন্ধনকারী, স্বদেশী চিন্তনে বিশ্বাসী রবীন্দ্রনাথ তাঁর গদ্য,পদ্য, উপন্যাস, নাটক প্রভৃতি সাহিত্যের প্রতিটি জাঁর-এ বহুমুখী প্রতিভার পরিচয় রেখেছেন। রবীন্দ্রনাথের সাহিত্য ব্যতীত বাংলা সাহিত্য পাঠ অসম্পূর্ণ।

**CC-8**

**Biharer Anchalik Uponyas:**

বাংলা উপন্যাসের ক্ষেত্রে আঞ্চলিকতার আবির্ভাব কোনো একদিনে সম্ভব হয়নি। সাহিত্যিকগণের অদম্য জেদ, নিরলস পরিশ্রম, তথ্য সংগ্রহের নিরন্তর প্রচেষ্টা আঞ্চলিক উপন্যাস রচনাকে সমৃদ্ধশালী করে তুলেছে। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়,  সতীনাথ ভাদুড়ী, বনফুলের উপন্যাস এদিক থেকে আঞ্চলিক উপন্যাস হিসেবে স্বাতন্ত্র্যবোধে উজ্জ্বল।

**CC-9**

**Bangla Natya Sahitya:**

ইউরোপীয় সংস্পর্শে বাংলা নাট্যাভিনয়ের সূত্রপাত এবং এরই সূত্র ধরে ইউরোপীয় নাট্য সাহিত্যের প্রভাবে বাংলা নাট্য সাহিত্যের সূচনা। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসের সুদীর্ঘ ধারা, তার নানা বৈচিত্র্য সময়ের সঙ্গে সঙ্গে শখের নাট্যাভিনয় থেকে পেশাদারী নাট্যাভিনয় এবং পরবর্তীকালে গ্রুপ থিয়েটারে বাংলা নাট্যাভিনয় চর্চার মধ্য দিয়ে শৈল্পিক ও নান্দনিক ভাবনার যথার্থ প্রকাশ। উনিশ শতকের যে নাট্য সাহিত্যের শুভ সূচনা হয়েছিল, তারই বিচিত্র প্রয়োগরীতির সাক্ষ্য বহন করেছে বিশশতকের বাংলা নাট্য সাহিত্য। সেই বৈচিত্র্যকে তুলে ধরার প্রয়াস রয়েছে আলোচ্য পাঠ্য সূচিতে।

**SEMESTER -3**

**CC-10**

**History Of Bengali Literature(1800-1950)**:

উনিশ শতকের সূচনা থেকে বিশ শতকের মধ্যভাগ পর্যন্ত বাংলা সাহিত্যের সামগ্রিক ইতিহাস, লেখকের শৈলী এবং আর্থ-সামাজিক-রাজনৈতিক ভাবনা সম্পর্কে সম্যক ধারণা শিক্ষার্থীরা উপলব্ধি করবে। উপন্যাস,ছোটগল্প, কাব্য-কবিতা,নাটক,প্রবন্ধ সম্পর্কে সম্ভব ধারণা হবে।

**CC-11**

**History Of Bengali Language:**

বাংলা ভাষার উদ্ভব বিকাশ সম্পর্কে জানতে পারবে। বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব,শব্দার্থতত্ত্ব, বাক্যতত্ত্ব প্রভৃতি সম্পর্কে স্পষ্ট ধারণার জন্ম হবে শিক্ষার্থীর মধ্যে।

**CC-12**

**Baisnab Padabali Ebam Chaitanya Charitamrito:**

বৈষ্ণব পদাবলীর তত্ত্ব, দর্শন, ছন্দ, অলংকার সাহিত্যরস সম্পর্কে সম্যক ধারণার জন্ম হবে শিক্ষার্থীর মনে। জীবনীসাহিত্য হিসেবে বৈষ্ণব ধর্ম,তত্ত্ব, দর্শনের আকর গ্রন্থ হিসেবে চৈতন্যচরিতামৃত গ্রন্থের গুরুত্ব উপলব্ধি করবে শিক্ষার্থীরা।

**CC-13**

**Kabya Tatwa Ebam Prabandha Sahitya:**

কাব্যের বিবিধ রূপ-রীতি-গঠন শৈলী সম্পর্কে বিজ্ঞানসম্মত ধারণা তৈরি হবে শিক্ষার্থীদের মধ্যে এবং প্রবন্ধ সাহিত্যের রূপভেদ ও প্রবন্ধের গঠনশৈলী সম্পর্কে সম্যক উপলব্ধিতে পৌঁছবে শিক্ষার্থীরা।

**CC-14**

**Group-A**

**Sarat Sahitya (Uponyas)**

শিক্ষার্থীরা শরৎচন্দ্রের জীবন ও সাহিত্যিক অবদান সম্পর্কে জানতে পারবে এবং শরৎচন্দ্রের চারটি উপন্যাস পাঠ করে বাংলা উপন্যাসে শরৎচন্দ্রের অবদান ও অবস্থান সম্পর্কে ধারণা তৈরি হবে।

**Group-B**

**Comparative Sahitya (Bengali And Hindi No**vels ):

বাংলা কথাসাহিত্যিক **শরৎ**চন্দ্রের সঙ্গে হিন্দি কথাসাহিত্যিক প্রেমচন্দ্রের উপন্যাসের তুলনামূলক আলোচনার প্রেক্ষিতে উভয়ের রচনা শৈলীর সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে জানতে পারবে শিক্ষার্থীরা।

**Group-C**

**Comparative Study (Bengali And English Poetry):**

বাংলা কবিতা ও তার রচনা শৈলীর সঙ্গে ইংরেজি কবিতা ও তার রচনা শৈলীর তুলনাত্মক আলোচনার মাধ্যমে উভয়ের সাদৃশ্য ও বৈসাদৃশ্যের বিষয়ে সম্মক ধারণা লাভ করবে শিক্ষার্থীরা। জীবনানন্দ দাশের সঙ্গে এডগার অ্যালান পো,সুধীন দত্তের সঙ্গে লরেন্স এবং বিষ্ণুদের সঙ্গে টি. এস. এলিয়টের তুলনাত্মক আলোচনার প্রেক্ষিতে বাংলা কাব্য সাহিত্যের সঙ্গে ইংরেজি কাব্য সাহিত্যের সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে সম্যক ধারণা উপলব্ধি করবে **শিক্ষার্থীরা।**

**SEMESTER -4**

**EC-1**

**Bangla O Hindi Sahitya**

বাংলা সাহিত্য ও হিন্দি সাহিত্য ভারতবর্ষের দুই সমৃদ্ধ ভাষাসাহিত্যের তুলনাত্মক আলোচনার মাধ্যমে বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষার্থীর মধ্যে হিন্দি সাহিত্য সম্পর্কে ধারণা তৈরি হবে। শুধু তাই নয়, প্রতিবেশী সাহিত্য পাঠের প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে।

**OR**

**Bangla Sahitya O Paribesh**

বঙ্কিমচন্দ্রের উপন্যাস, রবীন্দ্রনাথের কবিতা, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প, মনোজ মিত্রের নাটকে সমকালীন পরিবেশ যে ভাবে চিত্রিত সে সম্পর্কে সম্যক ধারণা শিক্ষার্থীদের মধ্যে সঞ্চারিত হবে।

**OR**

**Nadi O Bangla Upanyas**

বাংলা নদী-কেন্দ্রীক উপন্যাসে বিধৃত জীবন ও মানুষের আর্থ-সামাজিক রাজনৈতিক জীবনের যথার্থ সমীকরণ প্রকাশিত হয়েছে আলোচ্য উপন্যাস সমূহে।

**EC-2**

**Gobeshana Sandarva**

শিক্ষার্থীদের মধ্যে প্রাথমিক পাঠ প্রদান করা। শিক্ষার্থীরা গবেষণাধর্মী সাহিত্য, প্রবন্ধ রচনা করতে সমর্থ হবে।

**OR**

**Adhunik Bangla Kabita**

জয় গোস্বামীর নির্বাচিত কবিতা এবং সুবোধ সরকারের নির্বাচিত কবিতাসমূহের মাধ্যমে আধুনিক বাংলা কবিতার গতি-প্রকৃতি ও কাব্যশৈলী সম্পর্কে সম্যক ধারণা তৈরি হবে শিক্ষার্থীদের মধ্যে।

**DSE-1**

**Bangla Upanyas:Mahila Ouponasik**

বাংলা উপন্যাস সাহিত্যে স্বর্ণকুমারী দেবী, অনুপমা দেবী, আশাপূর্ণা দেবী, মহাশ্বেতা দেবী প্রমূখ মহিলা ঔপন্যাসিকদের সম্পর্কে জানতে পারবে। মহিলা উপন্যাসিকদের নিজস্ব চিন্তন,মননকে উপলব্ধি করতে পারবে শিক্ষার্থীরা।

**GE**

**Loksahitya O Sanskriti:**

লোকসাহিত্যের সংজ্ঞা,স্বরূপ ও বৈচিত্র্য সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে। লোক সাহিত্য ও লোকসংস্কৃতির অঙ্গীভূত লোক উৎসব, লোক সাহিত্য ও সংস্কৃতি চর্চার ইতিহাসের নানা দিক সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞানলাভ করবে।